# ফেসবুকে অশালীন মন্তব্য করায় মধ্যরাতে বাসায় গিয়ে বৃদ্ধকে হুমকি জেলা ছাত্রদল সভাপতি সুলতানের



নারায়ণগঞ্জের জেলা ছাত্রদল সভাপতি সুলতান মাহমুদ: সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে অশালীন মন্তব্য করায় মধ্যরাতে বাড়িতে গিয়ে হুমকি দিয়েছেন নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের সভাপতি সুলতান মাহমুদ ও তার অনুসারীরা।

নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানাধীন দাউদপুর ইউনিয়নের ডাবু মাস্টারের ছেলে মামুন একটি ফেসবুক পোস্টে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে অশালীন মন্তব্য করেন।

এর প্রতিক্রিয়ায় সুলতান মাহমুদ একটি ফেসবুক পোস্টে হুমকি দিয়ে লেখেন, “মামুন তোরে যেখানে পাওয়া হবে, তোর চপের প্রতিটা দাঁত তুলে ফেলা হবে, তোর কোনো বাপ বাঁচায়—আমি সুলতান, দেখবো ইনশাআল্লাহ।”

তার পরপরই গতকাল মধ্যরাতে মামুনের বাড়িতে গিয়ে তাকে না পেয়ে তার বৃদ্ধ বাবাকে হুমকি দেন এবং তা ফেসবুকে লাইভ সম্প্রচার করেন। বর্তমানে এই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ভাইরাল হয়।

এবিষয়ে সত্যতা জানতে সুলতান মাহমুদকে একাধিকবার কল করা হলেও তার ফোন বন্ধ পাওয়া যায়।

তবে স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিরা সুলতান মাহমুদের এমন কর্মকান্ডে প্রতিক্রিয়া জানান।